

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৬৫৫(আগরতলা, ১১৮)
সোনামুড়া, ১১ আগষ্ট, ২০১৭

সোনামুড়ায় স্বাধীনতা দিবসের প্রস্তুতি

সারা দেশের সঙ্গে আগামী ১৫ আগষ্ট সোনামুড়াতেও যথাযোগ্য মর্যাদার সঙ্গে ৭১তম স্বাধীনতা দিবস উদযাপিত হবে। স্বাধীনতা দিবস উদযাপনের মূল অনুষ্ঠানটি হবে সোনামুড়া স্পোর্টিং এসোসিয়েশন মাঠে। এদিন সকাল ৯.১০ মিনিটে জাতীয় পতাকা উত্তোলন ও অভিনন্দন গ্রহণ করবেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী সহিদ চৌধুরী। সেখানে পরিবেশিত হবে দেশাভিবোধক সাংস্কৃতিক অনুষ্ঠান। এছাড়াও স্বাধীনতা দিবস উদযাপনের অঙ্গ হিসেবে এদিন সকাল ১১টায় অনুষ্ঠিত হবে সাঁতার প্রতিযোগিতা, বিকেল ৪ টায় সোনামুড়া মেলারমাঠে অনুষ্ঠিত হবে প্রীতি ফুটবল ম্যাচ, সন্ধ্যা ৬ টায় সোনামুড়া নতুন টাউন হলে অনুষ্ঠিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান। এদিন মহকুমার কারা আবাসিকদের এবং হাসপাতালের রোগীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হবে। ভোর ৫ টায় অনুষ্ঠিত হবে প্রভাত ফেরী।

D.N

This document is a scanned copy of a PDF document. To remove this message please purchase the product at www.SmartPDFConverter.com